ন্যানোম্যাটেরিয়ালস অ্যান্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. এ এস এম এ হাসীব। তিনি বলেন, ইলেকট্রনিক্যাল ও ইলেকট্রনিকস পণ্যের ডিজাইন, চিপ ফ্যাব্রিকেশন, অ্যাসেমবলিং, টেস্টিং ও প্যাকেজিংকেই প্রধানত সেমিকন্ডাক্টর খাত হিসেবে বিবেচিত হয়। ২০২৪ সালে এর বিশ্ববাজার ৬৭৩.১ বিলিয়ন মার্কিন ডলার। একইভাবে ২০২৬ সালে হবে ৮২২.৩, ২০২৮ সালে ৯৩২.২, ২০৩০ সালে ১০৯৩.১ বিলিয়ন ডলারের বাজার হবে। এটি অত্যন্ত শ্রমঘন শিল্প খাত। বিশ্বের মধ্যে ৮১ শতাংশই এশিয়া মহাদেশের বিভিন্ন দেশে উৎপন্ন হচ্ছে। যার মধ্যে অন্যতম তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ভিয়েতনাম, চীন, জাপান ও ভারত।

বণিক বার্তা

সমৃদ্ধির সহযাত্রী

বৃহস্পতিবার, ১৬ মে ২০২৪

সেমিনারে বক্তারা

সেমিকন্ডাক্টর খাতে বাংলাদেশের বার্ষিক আয় ৫০ লাখ ডলার

নিজস্ব প্রতিবেদক ■

ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিকস পণ্যের ডিজাইন, চিপ ফেব্রিকেশন, অ্যাসেমবলিং, টেস্টিং ও প্যাকেজিং-সংক্রান্ত সেমিকন্ডাক্টর খাতে বাংলাদেশ শুধু ডিজাইন করে বার্ষিক ৫০ লাখ ডলার আয় করছে। বিপুল এ সম্ভাবনাময় খাত থেকে বাংলাদেশের আয় বাড়াতে প্রয়োজন সরকারি-বেসরকারি বিনিয়োগ, সরকারের নীতিসহায়তা ও দক্ষ মানবসম্পদ।

গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত বাংলাদেশে সেমিকন্ডাক্টর শিল্প খাতের সম্ভাবনা শীর্ষক সেমিনারে বক্তাদের বক্তব্যে এসব তথ্য উঠে আসে। সেমিনারে প্রধান অতিথি ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

তিনি বলেন, 'স্মার্টআপের জন্য যেভাবে বাজেটে ১০০ কোটি টাকা রাখা হয়েছিল, ঠিক একইভাবে সেমিকন্ডাক্টর শিল্পে বাজেটে ৫০০ বা ১০০ মিলিয়ন ডলার সেমিকন্ডাক্টর শিল্পের জন্য বরাদ্দ রাখার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অনুরোধ করব।' প্রতিমন্ত্রী পলক বলেন, 'গত ১৫ বছরে দেশে টেকনোলজি বেজড ইকোসিস্টেম তৈরি হয়েছে। এ ফাউন্ডেশনের ওপর ভিত্তি করে আগামী ১৭ বছরে ৫০ বিলিয়ন ডলার রফতানি করার যে টার্গেট, সেখানে দেশের মেধাবী প্রকৌশলীরা কাজ করলে দেশে উৎপাদিত মেড ইন বাংলাদেশ চিপ রফতানি করে ১০ বিলিয়ন ডলার সেমিকন্ডাক্টর শিল্প থেকে রফতানি করা সম্ভব।'।

সেমিনারে ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ বলেন, 'স্থানীয় শিল্পের বিকাশের পাশাপাশি এখানে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে দক্ষ জনবল তৈরির কোনো বিকল্প নেই। এজন্য আমাদের শিক্ষাক্রমের আমূল পরিবর্তন ও নতুন প্রযুক্তি ব্যবহার বাড়ানোর ওপর মনোযোগী হতে হবে।'।



বুধবার ডিসিসিআইর আয়োজিত বাংলাদেশে সেমিকন্ডাক্টর শিল্প খাতের সম্ভাবনা শীর্ষক সেমিনারে বক্তব্য রাখেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক

● সময়ের আলো

সেমিকন্ডাক্টর খাতে ১০ বিলিয়ন ডলারের রফতানির সম্ভাবনা

● নিজস্ব প্রতিবেদক

আগামী ২০৪১ সালের মধ্যে সেমিকন্ডাক্টর খাতের রফতানি ১০ বিলিয়ন ডলারের উন্নীত করা সম্ভব। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকার যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে, সেখানে পৌঁছাতে হলে আমাদের স্মার্ট গভার্নেন্ট, স্মার্ট ইকোনমির পাশাপাশি স্মার্ট প্রাইভেট সেক্টরের সমন্বয় আবশ্যিক। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত বাংলাদেশে সেমিকন্ডাক্টর শিল্প খাতের সম্ভাবনা শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন।

ডিসিসিআই অভিটোরিয়ামে অনুষ্ঠিত সেমিনারে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ ছাড়াও বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক জিএসএম জাফরউল্লাহ এনডিসি বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে যোগদান করেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বার সভাপতি আশরাফ আহমেদ বলেন, বাংলাদেশের রফতানির তৈরি পোশাক খাতের নির্ভরতা কাটিয়ে উঠতে আমদানি বিকল্প শিল্প খাতের বিকাশ ও পণ্যের বহুমুখীকরণের লক্ষ্যে সম্ভাবনাময় সেমিকন্ডাক্টর খাতকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে। তিনি উল্লেখ করেন, মোবাইল হ্যান্ডসেট, রেফ্রিজারেটর, এসি ও গাড়ির ব্যবহৃত যন্ত্রাংশ ও কাঁচামাল আমদানিতে বাংলাদেশ ব্যাংকের তথ্যমতে, ২০২৩ অর্থবছরে আমাদের ব্যয় ছিল ১১৮.১৭ মিলিয়ন মার্কিন ডলার। ডিসিসিআই সভাপতি বলেন, স্থানীয় শিল্পের বিকাশের পাশাপাশি এ খাতে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আমাদের দক্ষ জনবল তৈরির কোনো বিকল্প নেই এবং এ জন্য আমাদের শিক্ষাক্রমের আমূল পরিবর্তন ও নতুন প্রযুক্তি ব্যবহার বাড়ানোর ওপর মনোযোগী হতে হবে। এ ছাড়াও সেমিকন্ডাক্টর খাতের বিকাশে ব্যবসা পরিচালনায় লাইসেন্স প্রাপ্তি প্রক্রিয়া সহজীকরণ, সহায়ক নীতি সহায়তা নিশ্চিতকরণ, ঋণ সহায়তা প্রদান বিশেষ করে এ খাতের এসএমইদের স্বল্পসুদে ঋণ সুবিধা প্রাপ্তি, ব্যাক-টু-ব্যাক এলসি বন্ডেড ওয়ারারহাউজ, কর অব্যাহতি সুবিধা প্রদানসহ একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন একান্ত জরুরি মত প্রকাশ করেন ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, সামনের দিনগুলোতে প্রযুক্তি খাতের সব স্তরে ন্যানো চিপের বহুমুখী ব্যবহার বাড়বে, তাই আমাদের এ ব্যাপারে এখনই মনোযোগী হতে হবে, বিশেষ করে শিল্প খাতের প্রয়োজনের নিরিখে দক্ষ জনবল তৈরিতে শিক্ষা কারিকুলাম যুগোপযোগীকরণের ওপর জোরারোপ করেন। তিনি বলেন, বর্তমান সরকারের উদ্যোগী সারা দেশে বিদ্যুৎ প্রাপ্তিসহ তথ্যপ্রযুক্তি খাতে প্রয়োজনীয় অবকাঠামো ও নীতি সহায়তার কারণেই বর্তমানে এ খাতে দেশীয় উদ্যোক্তাদের পাশাপাশি বিদেশি উদ্যোক্তাদের বিনিয়োগের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে। প্রতিমন্ত্রী আরও বলেন, বাংলাদেশে বর্তমানে ৪টি প্রতিষ্ঠান সেমিকন্ডাক্টিং খাতে বেশ ভালো করছে।

সেমিকন্ডাক্টর শিল্পের জন্য বাজেটে ৫'শ মিলিয়ন ডলার বরাদ্দ রাখার প্রস্তাব প্রতিমন্ত্রী পলকের

স্টাফ রিপোর্টার : সেমিকন্ডাক্টর শিল্পের গুরুত্ব অনুধাবন করে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, বাজেটে ৫'শ বা ১'শ মিলিয়ন ডলার সেমিকন্ডাক্টর শিল্পের জন্য বরাদ্দ রাখার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অনুরোধ করা হবে। তিনি বলেন, স্মার্টআপদের জন্য যেভাবে বাজেটে ১০০ কোটি টাকা রাখা হয়েছিল, ঠিক একইভাবে সেমিকন্ডাক্টর শিল্প দেশে কিংবা বিদেশি কেউ যদি আসে, বিলিয়ন ডলার বিনিয়োগ করতে চায়, সাথে আমরাও যেন ৫'শ মিলিয়ন ডলার দিতে পারি। সেজন্য একটা ম্যাচিং ফান্ড দেয়ার জন্য প্রধানমন্ত্রীর কাছে প্রস্তাব দেয়া হবে বলে তিনি জানান। গতকাল বুধবার রাজধানীর চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-অডিটরিয়ামে “আনলিশিং দ্যা পটেনশিয়াল অব সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি ইন বাংলাদেশ” শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী পলক বলেন, ‘উস্কাসেমি, নিউরাল সেমিকন্ডাক্টর লিমিটেড, প্রাইম সিলিকন ও ডিএসআই চিপ উৎপাদন ও নকশা করে বছরে ৫ মিলিয়ন ডলার আয় করছে। কিন্তু এখনো দেশে চিপ ফ্রেব্রিকেশনের কোনো প্রতিষ্ঠান গড়ে উঠেনি। চিপ অ্যাসেম্বলিং, টেস্টিং এবং প্যাকেজিং এরও কোনো সুযোগ এখানে নেই। বিশ্বে সেমিকন্ডাক্টর শিল্পে ৬০০ বিলিয়ন ডলারের বাজার রয়েছে, যা ২০৩০ সালের মধ্যে এক ট্রিলিয়ন ডলারে পৌছতে পারে।

সেমিকন্ডাক্টর খাতে ২০৪১ সালে ১০ বিলিয়ন ডলারের রপ্তানি অর্জনের সম্ভাবনা রয়েছে

শেয়ার বিজ নিউজ জাতীয় দিনের খবর বৃহস্পতিবার, ১৬ মে ২০২৪ ১২:৪৯ পূর্বাহ্ন ১ min read ০ প্রিন্ট করুন



নিজস্ব প্রতিবেদক: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, ২০৪১ সালে আমাদের ৫০ বিলিয়ন রপ্তানির লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে সেমিকন্ডাক্টর খাতের রপ্তানি ১০ বিলিয়ন ডলারের উন্নীত করা আবশ্যিক এবং সবার সম্মিলিত সহযোগিতায় এ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব। তাছাড়া সেমিকন্ডাক্টর খাতের চাহিদা মেটাতে ৫০ হাজার দক্ষ জনবল তৈরি একান্ত প্রয়োজন।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত বাংলাদেশে সেমিকন্ডাক্টর শিল্প খাতের সম্ভাবনা শীর্ষক সেমিনার গতকাল বুধবার ডিসিসিআই অডিটোরিয়ামে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন।

জুনাইদ আহমেদ পলক বলেন, সামনের দিনগুলোয় প্রযুক্তি খাতের সব স্তরে ন্যানো চিপের বহুমুখী ব্যবহার বাড়বে, তাই আমাদের এ ব্যাপারে এখনই মনোযোগী হতে হবে। বিশেষ করে শিল্প খাতের প্রয়োজনের নিরিখে দক্ষ জনবল তৈরিতে শিক্ষা কারিকুলাম যুগোপযোগীকরণের করার ওপর জোরারোপ করেন। বর্তমান সরকারের উদ্যোগী সারাদেশে বিদ্যুৎ প্রাপ্তিসহ তথ্যপ্রযুক্তি খাতে প্রয়োজনীয় অবকাঠামো ও নীতি সহায়তার কারণেই বর্তমানে এ খাতে দেশীয় উদ্যোক্তাদের পাশাপাশি বিদেশি উদ্যোক্তাদের বিনিয়োগের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে।

বাংলাদেশে বর্তমানে চারটি প্রতিষ্ঠান সেমিকন্ডাক্টিং খাতে বেশ ভালো করছে জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, তবে এ খাতের যথাযথ বিকাশে আমাদের চিপ ম্যানুফ্যাকচারিং, অ্যাসেম্বলিং ও প্যাকেজিংয়ের ওপর আরও বেশি হারে গুরুত্বারোপ করতে হবে। তাছাড়া সেমিকন্ডাক্টর খাতের চাহিদা মেটাতে ৫০ হাজার দক্ষ জনবল তৈরি একান্ত আবশ্যিক।

সর্বোপরি এ খাতের সার্বিক উন্নয়নে একটি সেমিকন্ডাক্টর পলিসি প্রণয়ন করা হবে বলে মন্ত্রী আশ্বাস দেন এবং উদ্যোক্তাদের আর্থিক সহায়তার জন্য বাজেট বরাদ্দ রাখা প্রয়োজন বলে মতপ্রকাশ করেন। সেই সঙ্গে এ খাতের বিকাশে একটি কার্যকর ইকোসিস্টেম তৈরির পাশাপাশি শিল্প ও শিক্ষা খাতের সঙ্গে সরকারের মধ্যকার কার্যকর মেলবন্ধন একান্ত অপরিহার্য বলে জানান।

সেমিকন্ডাক্টর খাতে ২০৪১ সালে ১০ বিলিয়ন ডলারের রপ্তানি অর্জনের সম্ভাবনা রয়েছে : পলক



ঢাকা, ১৫ মে, ২০২৪ (বাসস) : ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, সেমিকন্ডাক্টর খাতে ২০৪১ সালে ১০ বিলিয়ন ডলারের রপ্তানি অর্জনের সম্ভাবনা রয়েছে।

তিনি বলেন, ‘২০৪১ সালে আমাদের ৫০ বিলিয়ন রপ্তানির লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে সেমিকন্ডাক্টর খাতের রপ্তানি ১০ বিলিয়ন ডলারের উন্নীত করা আবশ্যিক এবং সকলের সম্মিলিত সহযোগিতায় এ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব।’

প্রতিমন্ত্রী আজ ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত বাংলাদেশে সেমিকন্ডাক্টর শিল্পখাতের সম্ভাবনা শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

সেমিকন্ডাক্টর খাতের চাহিদা মেটাতে ৫০ হাজার দক্ষ জনবল তৈরি একান্ত আবশ্যিক উল্লেখ করে জুনাইদ আহমেদ পলক বলেন, এই খাতের সার্বিক উন্নয়নে একটি সেমিকন্ডাক্টর পলিসি প্রণয়ন করা হবে এবং উদ্যোক্তাদের আর্থিক সহায়তার জন্য বাজেট বরাদ্দ রাখা প্রয়োজন।

জুনাইদ আহমেদ পলক বলেন, ‘সামনের দিনগুলোতে প্রযুক্তিখাতের সকল স্তরে ন্যানো চিপের বহুমুখী ব্যবহার বাড়বে, তাই আমাদেরকে এ ব্যাপারে এখনই মনোযোগী হতে হবে, বিশেষ করে শিল্পখাতের প্রয়োজনের নিরিখে দক্ষ জনবল তৈরিতে শিক্ষা কারিকুলাম যুগোপযোগী করতে হবে।’ তিনি বলেন, বাংলাদেশে বর্তমানে ৪টি প্রতিষ্ঠান সেমিকন্ডাক্টিং খাতে বেশ ভালো করছে, তবে এ খাতের যথাযথ বিকাশে আমাদেরকে চিপ ম্যানুফেকচারিং, এ্যাসেম্বলিং ও প্যাকেজিং-এর উপর আরো বেশি হারে গুরুত্বারোপ করতে হবে।

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক জি এস এম জাফরউল্লাহ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন ঢাকা চেম্বার সভাপতি আশরাফ আহমেদ।

ঢাকা চেম্বার সভাপতি বলেন, বাংলাদেশের রপ্তানির তৈরি পোষাক খাতের নির্ভরতা কাটিয়ে উঠতে আমদানি বিকল্প শিল্পখাতের বিকাশ ও পণ্যের বহুমুখীকরণের লক্ষ্যে সম্ভাবনাময় সেমিকন্ডাক্টর খাতকে গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।

তিনি বলেন, মোবাইল হ্যান্ডসেট, রিফ্রিজারেটর, এসি ও গাড়ীর ব্যবহৃত যন্ত্রাংশ ও কাঁচামাল আমদানিতে বাংলাদেশ ব্যাংকের তথ্যমতে, ২০২৩ অর্থবছরে আমাদের ব্যয় ছিল ১১৮.১৭ মিলিয়ন মার্কিন ডলার। স্থানীয় শিল্পের বিকাশের পাশাপাশি এখাতে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আমাদের দক্ষ জনবল তৈরির কোন বিকল্প নেই এবং এজন্য আমাদের শিক্ষাক্রমের আমূল পরিবর্তন ও নতুন প্রযুক্তি ব্যবহার বাড়ানোর উপর মনোযোগী হতে হবে।



‘সেমিকন্ডাক্টর খাতে ১০ বিলিয়ন ডলার রপ্তানির সম্ভাবনা’



নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৮:০৭ পিএম, ১৫ মে ২০২৪



সেমিকন্ডাক্টর খাতে ২০৪১ সালে ১০ বিলিয়ন ডলারের রপ্তানি অর্জনের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

তিনি বলেন, সবার সম্মিলিত সহযোগিতায় এ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকার যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে, সেখানে পৌঁছাতে হলে আমাদের স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট ইকোনমির পাশাপাশি স্মার্ট প্রাইভেট সেক্টরের সমন্বয় আবশ্যিক।

বুধবার (১৫ মে) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশে সেমিকন্ডাক্টর শিল্পখাতের সম্ভাবনা’ শীর্ষক সেমিনারে এসব কথা বলেন তিনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক জি এস এম জাফরউল্লাহ।

সেমিনারে বন্ডস্টেইন টেকনোলোজি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মীর শাহরুখ ইসলাম, সফটওয়্যার টেটোন প্রাইভেট লিমিটেডের সহ-প্রতিষ্ঠাতা ও ভাইস চেয়ারম্যান রাজীব হাসান, ওয়ালটন ডিজিটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক লিয়াকত আলী এবং যুক্তরাজ্যের রিডিং বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ অংশগ্রহণ করেন।

প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, সামনের দিনগুলোতে প্রযুক্তিখাতের সব স্তরে ন্যানো চিপের বহুমুখী ব্যবহার বাড়বে। তাই আমাদের এ ব্যাপারে এখনই মনোযোগী হতে হবে। বিশেষ করে শিল্পখাতের প্রয়োজনের নিরিখে দক্ষ জনবল তৈরিতে শিক্ষা কারিকুলাম যুগোপযোগীকরণের দিকে মনযোগ দিতে হবে।

প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশে বর্তমানে ৪টি প্রতিষ্ঠান সেমিকন্ডাক্টিং খাতে বেশ ভালো করছে। তবে এ খাতের যথাযথ বিকাশে আমাদের চিপ ম্যানুফ্যাকচারিং, অ্যাসেম্বলিং ও প্যাকেজিং-এর ওপর আরও বেশি গুরুত্বারোপ করতে হবে। তাছাড়া সেমিকন্ডাক্টর খাতের চাহিদা মেটাতে ৫০ হাজার দক্ষ জনবল তৈরি একান্ত আবশ্যিক। উদ্যোক্তাদের আর্থিক সহায়তার জন্য বাজেট বরাদ্দ রাখা প্রয়োজন বলেও তিনি মত প্রকাশ করেন।



সেমিকন্ডাক্টর খাতে ১০ বিলিয়ন ডলার রফতানি আয় সম্ভব: পলক

May 15, 2024 | 8:58 pm

30
Shares



সিনিয়র করেসপন্ডেন্ট

ঢাকা: দেশে সেমিকন্ডাক্টর খাতে ২০৪১ সালের মধ্যে ১০ বিলিয়ন ডলারের রফতানি আয় করা সম্ভব বলে মনে করছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

তিনি বলেন, সামনের দিনগুলোতে প্রযুক্তি খাতের সব স্তরে ন্যানো চিপের বহুমুখী ব্যবহার বাড়বে। আমাদেরকে এ ব্যাপারে এখনই মনোযোগী হতে হবে। শিল্প খাতের প্রয়োজনের নিরিখে দক্ষ জনবল তৈরিতে শিক্ষা কারিকুলাম যুগোপযোগী করতে হবে।

বুধবার (১৫ মে) বিকেলে রাজধানীর ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মিলনায়তনে আয়োজিত বাংলাদেশে সেমিকন্ডাক্টর শিল্প খাতের সম্ভাবনা শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী পলক বলেন, বর্তমান সরকারের উদ্যোগে সারা দেশে বিদ্যুৎপ্রাপ্তিসহ তথ্যপ্রযুক্তি খাতে প্রয়োজনীয় অবকাঠামো ও নীতি সহায়তার কারণেই এ খাতে দেশীয় উদ্যোক্তাদের পাশাপাশি বিদেশি উদ্যোক্তাদের বিনিয়োগের আগ্রহ বাড়ছে। বর্তমানে চারটি প্রতিষ্ঠান এই খাতে বেশ ভালো করছে। তবে এ খাতের যথাযথ বিকাশে আমাদেরকে চিপ ম্যানুফেকচারিং, অ্যাসেম্বলিং ও প্যাকেজিংয়ে আরও বেশি গুরুত্বারোপ করতে হবে।

সেমিকন্ডাক্টর খাতের চাহিদা মেটাতে ৫০ হাজার দক্ষ জনবল তৈরির পাশাপাশি সেমিকন্ডাক্টর নীতিমালা প্রণয়ন সময়ের দাবি বলে মন্তব্য করেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, ২০৪১ সালে আমাদের ৫০ বিলিয়ন রফতানির লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে সেমিকন্ডাক্টর খাতের রফতানি ১০ বিলিয়ন ডলারের উন্নীত করা আবশ্যিক। সবার সম্মিলিত সহযোগিতায় এ লক্ষ্যমাত্রা অর্জন করাও সম্ভব। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকার যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে, সেখানে পৌঁছাতে হলে আমাদের স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট ইকোনোমির পাশাপাশি স্মার্ট প্রাইভেট সেক্টরের সমন্বয় আবশ্যিক।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বার সভাপতি আশরাফ আহমেদ বলেন, রফতানিতে তৈরি পোশাক খাতের ওপর নির্ভরতা কাটিয়ে উঠতে আমদানি বিকল্প শিল্প খাতের বিকাশ ও পণ্যের বহুমুখীকরণের লক্ষ্যে সম্ভাবনাময় সেমিকন্ডাক্টর খাতকে গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে। স্থানীয় শিল্পের বিকাশের পাশাপাশি এ খাতে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে দক্ষ জনবল তৈরির কোনো বিকল্প নেই। এ জন্য আমাদের শিক্ষাক্রমের আমূল পরিবর্তন ও নতুন প্রযুক্তি ব্যবহার বাড়ানোর ওপর মনোযোগী হতে হবে।

বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক জি এস এম জাফরউল্লাহ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ন্যানোম্যাটেরিয়ালস অ্যান্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. এ এস এম এ হাসীব, বন্ডস্টেইন টেকনোলোজি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মীর শাহরুখ ইসলাম, সফটওয়্যার টেটোন প্রাইভেট লিমিটেডের সহপ্রতিষ্ঠা ও ভাইস চেয়ারম্যান রাজীব হাসান, ওয়ালটন ডিজিটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক লিয়াকত আলী এবং যুক্তরাজ্যের রিডিং বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

সেমিকন্ডাক্টর খাতে ১০ বিলিয়ন ডলার রপ্তানির সম্ভাবনা

জ্যেষ্ঠ প্রতিবেদক
১৫ মে ২০২৪, ২০:৫৮

3 Shares



ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স পণ্যের ডিজাইন, চিপ ফেব্রিকেশন, অ্যাসেম্বলিং, টেস্টিং ও প্যাকেজিং সংক্রান্ত সেমিকন্ডাক্টর খাতে ১০ বিলিয়ন ডলার রপ্তানির সম্ভাবনা রয়েছে। বিশ্বে বর্তমানে এ শিল্পখাতের বৈশ্বিক বাজার ৬৭৩.১ বিলিয়ন মার্কিন ডলার যা, ২০৩২ সালে ১ হাজার ৩০৭ দশমিক ৭ বিলিয়ন ডলারে পৌঁছাবে।

বাংলাদেশ শুধু সেমিকন্ডাক্টর ডিজাইন করে বার্ষিক আয় ৫ মিলিয়ন মার্কিন ডলার আয় করছে। বিপুল এই সম্ভাবনাময় খাত থেকে বাংলাদেশের আয় বাড়াতে প্রয়োজন সারকারি-বেসরকারি বিনিয়োগ, সরকারের নীতিসহায়তা ও দক্ষ মানবসম্পদ।

বুধবার (১৫ মে) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত বাংলাদেশে সেমিকন্ডাক্টর শিল্পখাতের সম্ভাবনা শীর্ষক সেমিনারে বক্তাদের বক্তব্যে এসব তথ্য উঠে আসে।

ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। অনুষ্ঠানে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক জি এস এম জাফরউল্লাহ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ন্যানোমেটারিয়ালস অ্যান্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. এ এস এম এ হাসীব সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

জুনাইদ আহমেদ পলক বলেন, সামনের দিনগুলোতে প্রযুক্তিখাতের সব স্তরে ন্যানো চিপের বহুমুখী ব্যবহার বাড়বে, তাই আমাদের এ ব্যাপারে এখনই মনোযোগী হতে হবে, বিশেষকরে শিল্পখাতের প্রয়োজনের নিরিখে দক্ষ জনবল তৈরিতে শিক্ষাক্যারিকুলাম যুগোপযোগীকরণের করার ওপর জোরারোপ করেন। বর্তমান সরকারের উদ্যোগী সারা দেশে বিদ্যুৎ প্রাপ্তিসহ তথ্য-প্রযুক্তিখাতে প্রয়োজনীয় অবকাঠামো ও নীতি সহায়তার কারণেই বর্তমানে এখাতে দেশীয় উদ্যোক্তাদের পাশাপাশি বিদেশি উদ্যোক্তাদের বিনিয়োগের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে।

প্রতিমন্ত্রী আরও বলেন, বাংলাদেশে বর্তমানে ৪টি প্রতিষ্ঠান সেমিকন্ডাক্টিং খাতে বেশ ভালো করছে, তবে এখাতের যথাযথ বিকাশে আমাদেরকে চিপ ম্যানুফেকচারিং, অ্যাসেম্বলিং ও প্যাকেজিংয়ের ওপর আরো বেশি হারে গুরুত্বারোপ করতে হবে। এ ছাড়া সেমিকন্ডাক্টর খাতের চাহিদা মেটাতে ৫০ হাজার দক্ষ জনবল তৈরি একান্ত আবশ্যিক।

সার্বিক উন্নয়নে একটি সেমিকন্ডাক্টর পলিসি প্রণয়ন করা হবে বলে মন্ত্রী আশ্বাস দেন। মন্ত্রী বলেন, ২০৪১ সালে আমাদের ৫০ বিলিয়ন রপ্তানির লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে সেমিকন্ডাক্টর খাতের রপ্তানি ১০ বিলিয়ন ডলারের উন্নীত করা আবশ্যিক এবং সবার সম্মিলিত সহযোগিতায় এ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকার যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে, সেখানে পৌঁছাতে হলে আমাদের স্মার্ট গভর্নেন্স, স্মার্ট ইকোনোমির পাশাপাশি স্মার্ট প্রাইভেট সেক্টরের সমন্বয় আবশ্যিক।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বার সভাপতি আশরাফ আহমেদ বলেন, বাংলাদেশের রপ্তানির তৈরি পোশাক খাতের নির্ভরতা কাটিয়ে উঠতে আমদানি বিকল্প শিল্পখাতের বিকাশ ও পণ্যের বহুমুখীকরণের লক্ষ্যে সম্ভাবনাময় সেমিকন্ডাক্টর খাতকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে। মোবাইল হ্যান্ডসেট, রেফ্রিজারেটর, এসি ও গাড়ির ব্যবহৃত যন্ত্রাংশ ও কাঁচামাল আমদানিতে বাংলাদেশ ব্যাংকের তথ্যমতে, ২০২৩ অর্থবছরে আমাদের ব্যয় ছিল ১১৮.১৭ মিলিয়ন মার্কিন ডলার। স্থানীয় শিল্পের বিকাশের পাশাপাশি এ খাতে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আমাদের দক্ষ জনবল তৈরির কোনো বিকল্প নেই এবং এজন্য আমাদের শিক্ষাক্রমের আমূল পরিবর্তন ও নতুন প্রযুক্তি ব্যবহার বাড়ানোর ওপর মনোযোগী হতে হবে।

এছাড়া সেমিকন্ডাক্টর খাতের বিকাশে ব্যবসা পরিচালনায় লাইসেন্স প্রাপ্তি প্রক্রিয়া সহজীকরণ, সহায়ক নীতি সহায়তা নিশ্চিতকরণ, ঋণ সহায়তা প্রদান বিশেষকরে এখাতের এসএমইদের স্বল্পসুদে ঋণ সুবিধা প্রাপ্তি, ব্যাক-টু-ব্যাক এলসি বন্ডেড ওয়ারাহাউজ, কর অব্যাহতি সুবিধা দেওয়াসহ একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়নে মত প্রকাশ করেন তিনি।

অনুষ্ঠানের বিশেষ অতিথি জি এস এম জাফরউল্লাহ বলেন, সারাদেশে ৯৪টি হাইটেক পার্ক হবে স্থাপন করা হবে, যার মধ্যে ২১টি নির্মাণ কাজ প্রায় সম্পন্ন হয়েছে। ঢাকা, সিলেট, রাজশাহী ও যশোরের হাইটেক পার্কগুলোতে শিল্প স্থাপনের জন্য জমি ও প্রয়োজনীয় সুবিধা দেওয়া যাবে এবং বিনিয়োগে এগিয়ে আসার জন্য উদ্যোক্তাদের আহ্বান জানান। এছাড়া তথ্য-প্রযুক্তি খাতে দেশি-বিদেশি বিনিয়োগর বাড়াতে আরো কিছুদিনের জন্য হলেও কর অব্যাহতি সুবিধা অব্যাহত রাখা উচিত।

Semiconductor sector can be \$10b industry by 2041: Palak



The semiconductor sector can be a \$10 billion industry by 2041, State Minister for Posts, Telecommunications and Information Technology Zunaid Ahmed Palak said on Wednesday (15 May).

"Semiconductor manufacturing industry has a great potential to be a billion-dollar sector in Bangladesh. Here in Bangladesh there are a few design houses and they are doing well but in chip fabrication, assembly, testing and packaging we still lag behind. Proper policy support and required incentives can create a \$10 billion semiconductor industry by the year 2041," he said.

The state minister said this while speaking as the chief guest at a seminar on "Unleashing the potential of semiconductor industry in Bangladesh" organised by Dhaka Chamber of Commerce and Industry (DCCI) at DCCI in the city.

In his speech, Palak said that the uses of microchip, Nano chip and manufacturing of semiconductors are growing day by day and if the government can give a right policy support to the sector, it will be possible to earn at least \$10 billion from exporting semiconductor items by 2041.

He again reiterated the urgency and need of a semiconductor policy for the faster development of this sector.

At the same time, he also urged for an industry-academia collaboration to create a highly skilled and technologically advanced work force especially compatible for this sector as the demand is very high at home and abroad.

He later said that the government has already established hundreds of digital labs, 5G testing is going on, more than 13 crore internet users inside the country, 19 crore mobile users, nearly 100% electrification across the country; these are some of the indicators of Bangladesh's digital progress and readiness.

"And if we can give proper policy support, incentive and guidelines coupled with skilled manpower having high-end sophisticated technology then we will be able to achieve the target of smart Bangladesh by 2041," he added.

He also said that we have to make plans to create at least 50 thousand chip designers in the country.

Later he said that with the help of talented entrepreneurs and enthusiastic private sector the country will be able to become knowledge based smart Bangladesh by the year 2041.

DCCI President Ashraf Ahmed suggested that for successful implementation of import substitution industrialization and export diversification, Bangladesh should prioritize the development of the semiconductor industry.

Many countries are investing heavily in the semiconductor industry, creating a high demand for skilled workers, he said.

He mentioned that the government should focus on cultivating a skilled workforce required to meet the growing demands of the semiconductor industry in Bangladesh.

He also underscored the importance of simplification of administrative procedures for setting up semiconductor businesses, including licensing, permits, and import/export regulations.

He further said that a transparent and efficient regulatory environment will encourage investment and reduce operational hurdles.

He also recommended ensuring robust protection for intellectual property (IP) to encourage innovation and attract foreign investors.

Bangladesh also needs a holistic framework to develop an ecosystem for sustainable and inclusive growth of the semiconductor industry taking into account the views of stakeholders, he later opined.

Managing Director of the Bangladesh High-Tech Park Authority G S M Jafarullah informed that the government is developing innovation hubs in ten universities in the country.

In Shibchar, Madaripur, on the 70 acres of land, the government is establishing Sheikh Hasina Institute of Frontier Technology, he informed.

He said work of 21 high-tech parks out of the targeted 94 has nearly been completed.

Moreover, he mentioned, the government is facilitating private sector entrepreneurs with land and space at the knowledge parks and software parks.

He invited the private sector to invest in the semiconductor industry more.

Government is also considering the best possible tax benefits to the ICT sector so that we can attract more local investment or FDI in this sector, he added.

Department of Nanomaterials and Ceramic Engineering of BUET Professor A S M A Haseeb presented the keynote paper.

Managing Director of Bondstein Technologies Ltd Mir Shahrukh Islam, Co-founder and vice president of the Software Teton Private Ltd Razib Hasan, and Additional Managing Director of Walton Digi-Tech Industries Liakat Ali, among others, spoke on the occasion.

শিল্পখাতে প্রয়োজনের নিরিখে দক্ষ জনবল তৈরির পরামর্শ

□ নিজস্ব প্রতিবেদক

শিল্পখাতে প্রয়োজনের নিরিখে দক্ষ জনবল তৈরিতে শিক্ষাকারিকুলাম যুগোপযোগী করার পরামর্শ দেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। তিনি বলেন, বর্তমান সরকারের উদ্যোগে সারা দেশে বিদ্যুৎ প্রাপ্তিসহ তথ্য-প্রযুক্তিখাতে প্রয়োজনীয় অবকাঠামো ও নীতি সহায়তার কারণেই এখানে দেশীয় উদ্যোক্তাদের পাশাপাশি বিদেশি উদ্যোক্তাদের বিনিয়োগের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে। বুধবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত বাংলাদেশে সেমিকন্ডাক্টর শিল্পখাতের সম্ভাবনা শীর্ষক সেমিনার ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। এসময় ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক জি এস এম জাফরউল্লাহ, এনডিসি বিশেষ অতিথি হিসেবে উক্ত অনুষ্ঠানে যোগদান করেন। অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বার সভাপতি আশরাফ আহমেদ বলেন, বাংলাদেশের রপ্তানির তৈরি পোশাক খাতের

নির্ভরতা কাটিয়ে উঠতে আমদানি বিকল্প শিল্পখাতের বিকাশ ও পণ্যের বহুমুখীকরণের লক্ষ্যে সম্ভাবনাময় সেমিকন্ডাক্টর খাতকে গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। তিনি উল্লেখ করেন, মোবাইল হ্যান্ডসেট, রিফ্রিজারেটর, এসি ও গাড়ীর ব্যবহৃত যন্ত্রাংশ ও কাঁচামাল আমদানিতে বাংলাদেশ ব্যাংকের তথ্যমতে, ২০২৩ অর্থবছরে আমাদের ব্যয় ছিল ১১৮.১৭ মিলিয়ন মার্কিন ডলার। ডিসিসিআই সভাপতি বলেন, স্থানীয় শিল্পের বিকাশের পাশাপাশি এখানে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আমাদেরকে দক্ষ জনবল তৈরির কোন বিকল্প নেই এবং এজন্য আমাদের শিক্ষাক্রমের আমূল পরিবর্তন ও নতুন প্রযুক্তি ব্যবহার বাড়ানোর উপর মনোযোগী হতে হবে। এছাড়াও সেমিকন্ডাক্টর খাতের বিকাশে ব্যবসা পরিচালনায় লাইসেন্স প্রাপ্তি প্রক্রিয়া সহজীকরণ, সহায়ক নীতি সহায়তা নিশ্চিতকরণ, ঋণ সহায়তা প্রদান বিশেষকরে এখাতের এসএমইদের স্বল্পসুদে ঋণ সুবিধা প্রাপ্তি, ব্যাক-টু-ব্যাক এলসি বণ্ডেড ওয়্যারহাউজ, কর অব্যাহতি সুবিধা প্রদান সহ একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন একান্ত জরুরি মত প্রকাশ করেন, ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ। প্রধান



আহমেদ। প্রধান

অতিথির বক্তব্যে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, এমপি বলেন, সামনের দিনগুলোতে প্রযুক্তিখাতের সকল স্তরে ন্যানো চিপের বহুমুখী ব্যবহার বাড়বে, তাই আমাদেরকে এ ব্যাপারে এখনই মনোযোগী হতে হবে। প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশে বর্তমানে ৪টি প্রতিষ্ঠান সেমিকন্ডাক্টিং খাতে বেশ ভালো করছে, তবে এখাতের যথাযথ বিকাশে আমাদেরকে চিপ ম্যানুফেকচারিং, গ্র্যাসেঞ্চিলিং ও প্যাকেজিং-এর উপর আরো বেশি হারে গুরুত্বারোপ করতে হবে। তাছাড়া সেমিকন্ডাক্টর খাতের চাহিদা মেটাতে ৫০ হাজার দক্ষ জনবল তৈরির অভিমত জ্ঞাপন করেন। সর্বোপরি এখাতের সার্বিক উন্নয়নে একটি সেমিকন্ডাক্টর পলিসি প্রণয়ন করা হবে বলে মন্ত্রী আশ্বাস প্রদান করেন এবং উদ্যোক্তাদের আর্থিক সহায়তার জন্য বাজেট বরাদ্দ রাখা প্রয়োজন বলে। সেই সাথে এখাতের বিকাশে একটি কার্যকর ইকোসিস্টেম তৈরির পাশাপাশি 'শিল্প ও শিক্ষা খাতের সাথে সরকার-এর মধ্যকার কার্যকর মিলবন্ধন একান্ত অপরিহার্য বলে তিনি অভিমত জ্ঞাপন করেন।